মহান আল্লাহ বলেন, আমি আমার বান্দার সাথেই আছি যতক্ষণ সে আমার যিকির করে এবং আমার যিকিরে তার দু’ঠোঁট নড়াচড়া করে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, মহান আল্লাহ বলেন, “আমি আমার বান্দার সাথেই আছি যতক্ষণ সে আমার যিকির করে এবং আমার যিকিরে তার দু’ঠোঁট
নড়াচড়া করে।”
[সহীহ লিগাইরিহী] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি বুখারী মু‘আল্লাক হাদীসরূপে দৃঢ় বাক্য দ্বারা বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটি প্রমাণ করে যে, যে ব্যক্তি আল্লাহকে স্মরণ করে সে আল্লাহর কাছে থাকে এবং তিনি (আরশের ওপর থাকার পরও) সে বান্দার সাথেই থাকেন। ফলে তিনি তাকে ইবাদাত-বন্দেগী করার তাওফিক দান করেন, তাকে হিদায়েত দান করেন, সাহায্য-সহযোগিতা করেন এবং তার ডাকে সাড়া দেন। এ হাদীসের অর্থে সহীহ বুখারীতে আরেকটি হাদীস এসেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আমি আমার বান্দার ধারণা অনুসারে তার সাথে আচরণ করি। সে যখন আমাকে স্মরণ করে তখন আমি তার সাথে থাকি। সে আমাকে মনে মনে স্মরণ করলে আমিও তাকে মনে মনে স্মরণ করি। আর সে যদি আমাকে জনসম্মুখে স্মরণ করে, তবে আমি তার চেয়ে উত্তম জনসভায় তাকে স্মরণ করি।

http://sunnah.global/hadeeth/bn/show/5522